

U.G. 6th Semester Examination 2022

BENGALI (Honours)

Paper Code : BNGH - DSE - 3A/3B/3C

Full Marks : 32

Time : Two Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

যে কোনও একটি গুচ্ছের সব প্রশ্নের উত্তর দাও।

গুচ্ছ - ক

(উপন্যাস)

- ১। ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের তীর্থযাত্রীরা যে ভয়াবহ অভিজ্ঞতার মুখোমুখি হয়েছিলো, তা নিজের ভাষায় বর্ণনা করো। উপন্যাসের এই অংশে নবকুমারের রোম্যান্টিক ভাবনার পরিচয় কীভাবে পাওয়া যায় তা সংক্ষেপে লিপিবদ্ধ করো।

৪+৪=৮

অথবা

‘Floating straight obedient to the stream’ — এপিটাফটি কার রচনা থেকে উদ্ধৃত? ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের কোন্ পরিচ্ছেদের সূচনায় এটি লক্ষিত হয়? পরিচ্ছেদের ঘটনাবলীর সঙ্গে এর সাযুজ্য বিধান করো।

১+১+৬=৮

- ২। ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে ‘কাপালিক’ চরিত্রটির পরিচয় দাও। উক্ত উপন্যাসে এই চরিত্রটির গুরুত্ব বিচার করো।

৩+৫=৮

অথবা

পদ্মাবতী ও নবকুমারের পারস্পরিক সম্পর্কটি লিপিবদ্ধ করো। বুদ্ধি ও ত্রুরতার বৈপরীত্যে পদ্মাবতী চরিত্র খলচরিত্র হিসেবে কতটা সার্থক হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো।

২+৬=৮

- ৩। ‘রাজনৈতিক উপন্যাস’ বলতে কী বোঝো? ‘ঘরে বাইরে’কে ‘রাজনৈতিক উপন্যাস’ বলা যায় কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

২+৬=৮

অথবা

বিমলা ও সন্দীপের সম্পর্কে দেশপ্রেম ও ব্যক্তিপ্রেমের টানাপোড়েন কীভাবে দুজনকেই পরিণত করেছে, তা ‘ঘরেবাইরে’ উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

২+৬=৮

[P.T.O.]

- ৪। নিখিলেশ চরিত্রটির প্রধান বৈশিষ্ট্য কী ছিলো? বিমলার সঙ্গে নিখিলেশের সম্পর্ককে ঔপন্যাসিক কীভাবে চিত্রিত করেছেন, তা নিজের ভাষায় লেখো। ২+৬=৮

অথবা

‘Greater I’ ও ‘Smaller I’-এর দ্বন্দ্ব ‘ঘরে-বাইরে’ উপন্যাসে কীভাবে ফুটে উঠেছে, তা উপন্যাসের তিনটি প্রধান চরিত্র অবলম্বনে আলোচনা করো। ৮

গুচ্ছ - খ

(ভ্রমণ ও জীবনীসাহিত্য)

- ১। ‘পালামৌ’-এর ভৌগোলিক অবস্থান নির্দেশ করো। পাঠ্য অনুসারে পালামৌ-এর ভূ-প্রকৃতি ও আবহাওয়ার বৈশিষ্ট্য বর্ণনা করো। ২+৬=৮

অথবা

ভ্রমণসাহিত্য হিসাবে ‘পালামৌ’ এর সার্থকতা বিচার করো। ৮

- ২। ‘মারমা’ জনগোষ্ঠীর সংক্ষিপ্ত পরিচয় দাও। ‘পালামৌ’তে লেখক সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় এই জনগোষ্ঠীর উৎসবপ্রিয়তার যে বর্ণনা দিয়েছেন, তা সংক্ষেপে জানাও। ৪+৪=৮

অথবা

‘কোল’ জাতির জীবনযাপনের চিত্র ‘পালামৌ’তে কীভাবে অঙ্কিত হয়েছে, তা নিজের ভাষায় লেখো। ৮

- ৩। ‘আত্মজীবনী’র প্রয়োজনীয়তা নির্দেশ করো। আত্মজীবনী হিসাবে শিবনাথ শাস্ত্রীর ‘আত্মচরিত’-এর মূল্যায়ন করো। ৪+৪=৮

অথবা

‘আত্মচরিত’-এ লেখকের সামাজিক সংস্কার ও মূল্যবোধের যে চিত্র ফুটে উঠেছে, তার ব্যাখ্যা দাও। ৮

- ৪। শিবনাথ শাস্ত্রীর ‘আত্মচরিত’-এ প্রতিফলিত গদ্যশৈলীর বিশেষত্ব আলোচনা করো। ৮

অথবা

ইতিহাসের উপাদান হিসাবে ‘আত্মজীবনী’র গুরুত্ব লেখো। এই প্রসঙ্গে শিবনাথ শাস্ত্রীর ‘আত্মচরিত’ কতোটা সমৃদ্ধ, তা বিশ্লেষণ করে দেখাও। ৪+৪=৮

(3)

গুচ্ছ - গ

(নাটক)

১। একদিকে দারিদ্র্য: অন্যদিকে মূল্যবোধ — রহিমুদ্দির আত্মিক সংকটকে কীভাবে ঘনীভূত করেছে, তা 'ছেঁড়া তার' নাটকটি অবলম্বনে লেখো। ৮

অথবা

হাকিমুদ্দির শঠতা কীভাবে রহিমুদ্দির সংসার ভেঙেছে, তা 'ছেঁড়া তার' নাটক অনুসরণে বর্ণনা করো। ৮

২। শ্রীমন্ত ও রহিমুদ্দির সম্পর্ক কীভাবে সাম্প্রদায়িক সম্প্রীতির নজির তৈরি করেছে, তা নিজের ভাষায় লেখো। ৮

অথবা

'ছেঁড়া তার' নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো। ৮

৩। একাঙ্ক নাটক হিসাবে 'মুক্তির ডাক' নাটকের সার্থকতা বিচার করো। ৮

অথবা

বাস্তববাদী নাট্যকার হিসাবে মন্থথ রায়ের কৃতিত্ব 'মুক্তির ডাক'-এর অনুসরণে ব্যাখ্যা করো। ৮

৪। 'রাফস' নাটকে নাট্যকার মোহিত চট্টোপাধ্যায়ের সংলাপ রচনার দক্ষতা বিশ্লেষণ করো। ৮

অথবা

ঘটনা-সম্মিলনে 'রাফস' নাটকের অভিনবত্ব বিশ্লেষণ করো। ৮
